

## Lecture no -22

### বিষয়ঃ যুক্তিবিদ্যা

#### অধ্যায়-৩য়

যুক্তিবাক্য কি?

যুক্তিবাক্য হলো দুটি পদের মধ্যে সম্পর্কের স্বীকৃতি বা অস্বীকৃতিমূলক বর্ণনা বা বিবৃতি। যেমন- সকল মানুষ হয় মরণশীল।

যুক্তিবাক্যের গঠন : গঠনগত দিক থেকে একটি যুক্তিবাক্যের তিনটি অংশ থাকে।

যেমন- উদ্দেশ্য , বিধেয় ও সংযোজক

যেমন- রহিম হয় একজন মানুষ

এখানে রহিম - উদ্দেশ্য পদ

হয় - সংযোজক

একজন মানুষ- বিধেয়

সংযোজক কি?

উদ্দেশ্য ও বিধেয়ের মধ্যে যে শব্দ বা চিহ্ন দ্বারা সম্পর্ক স্থাপিত হয় তাকে সংযোজক বলে।

প্রশ্ন ১১। “শব্দ মাত্রই পদ নয়”- কেন? [ব. বো. '১৯,]

উত্তর: যেসব শব্দ বা শব্দসমষ্টি কোনো যুক্তিবাক্যের উদ্দেশ্য বা বিধেয় হিসেবে ব্যবহৃত হতে পারে সেসব শব্দ বা শব্দসমষ্টিকে পদ বলে। অসংখ্য শব্দের মধ্যে থেকে কেবল একটি অংশই কোনো যুক্তিবাক্যের উদ্দেশ্য বা বিধেয় হিসেবে ব্যবহৃত হতে পারে। যে শব্দগুলো যুক্তিবাক্যের উদ্দেশ্য বা বিধেয় হিসেবে ব্যবহৃত হয় সেগুলো পদ, বাকিগুলো পদ নয়। অর্থাৎ, সকল শব্দের একটি অংশ পদ, বাকিগুলো পদ নয়। তাই বলা যায়, “শব্দ মাত্রই পদ নয়।”

প্রশ্ন ১২। ‘পিতা’ পদটি সাপেক্ষ পদ- কেন? [দি. বো. '১৯,]

উত্তর: যে পদ স্বাধীনভাবে অর্থ প্রকাশ করতে পারে না তাকে সাপেক্ষ পদ বলে। অর্থাৎ, অর্থ প্রকাশের জন্য অর্থ পদের উপর নির্ভরশীল তাকে সাপেক্ষ পদ বলে। ‘পিতা’ পদটি অর্থ প্রকাশের জন্য অন্য পদের ওপর নির্ভরশীল। কেননা সন্তান ছাড়া পিতা হওয়া যায় না। তাই ‘পিতা’ সন্তান দ্বারা সাপেক্ষ। এজন্যই ‘পিতা’ পদটি সাপেক্ষ পদ।

প্রশ্ন ১৩। একটি পদ কেন অব্যাপ্য হয়?।

[গ. বো. '১৮, ঘ. বো. '১৮, সি. বো. '১৮, দি. বো. '১৮]

উত্তর: একটি পদ কেন অব্যাপ্য হয় তা নিচে দেওয়া হল-

১. একটি পদ তার সামগ্রিক ব্যক্ত্যর্থ প্রকাশ না করলে অব্যাপ্য হয়।
২. একটি পদ যখন তার ব্যক্ত্যর্থের অংশবিশেষ প্রকাশ করে তখন তা অব্যাপ্য পদ।

**প্রশ্ন ১৪। 'সব শব্দই পদ নয় কেন? ব্যাখ্যা কর।**

[রা. বো. '১৮, কু. বো. '১৮, চ. বো. '১৮, ব. বো. '১৮]

উত্তর: সব শব্দ পদ নয় কারণ—

১. আবেগ প্রকাশক শব্দ যুক্তিবাক্যে অব্যবহারযোগ্য। তাই সকল শব্দকে পদ বলা যায় না।
২. আবার যুক্তিবাক্যের ব্যবহারযোগ্য শব্দ ছাড়াও আরও অনেক শব্দ থাকে। তাই সব শব্দকে পদ বলা যায় না।